

## সাক্ষর্য

## সেই মানবিক ডাক্তার বাসুদেব এবার পুরস্কার পেলেন মালদ্বীপ থেকে

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৬:৩৯, ১২ অক্টোবর ২০২৫

ফন্ট সাইজ - ডি +



বাংলাদেশের গণ্ডি পেরিয়ে ইএনটি স্পেশালিস্ট অ্যান্ড হেড নেক সার্জন ডা. বাসুদেব কুমার সাহার খ্যাতির দ্যুতি ছড়াল বিদেশেও। নাক কান গলা রোগ চিকিৎসায় বিশেষ অবদান রাখায় 'International peace Award 2025' পুরস্কার পেয়েছেন তিনি।

গত বৃহস্পতিবার (৯ অক্টোবর) মালদ্বীপের ভিলা ইন্টারন্যাশনাল কলেজ অডিটোরিয়াম মাতে এশিয়ান বিজনেস পার্টনারশিপ সামিট আয়োজিত 'Human Harmony Conference & Award 2025' অনুষ্ঠিত হয়।

এ অনুষ্ঠানে মালদ্বীপ সরকারের স্টেট ফর ফিশারিজ অ্যান্ড ওসেন রিসোর্স মিনিস্টার মো. মুতালিব ডা. বাসুদেব কুমার সাহার হাতে পুরস্কারটি তুলে দেন। আন্তর্জাতিক এ পুরস্কার জয়ে অনুষ্ঠান মঞ্চে লাল সবুজের পতাকা উড়ান বাংলাদেশের এ চিকিৎসক।

আন্তর্জাতিক এ পুরস্কার অর্জনে নিজের অনুভূতি জানতে চাইলে তিনি বলেন, 'এ অর্জন আমার একার নয়। এটি আমার পুরো টিমের অক্লান্ত পরিশ্রমের ফল। এ অর্জন আমার পুরো টিমের।' নিজের এ অর্জনটি তিনি উৎসর্গ করেছেন নাক কান গলা রোগে আক্রান্ত রোগীদের মাঝে। যাদের চিকিৎসাসেবা দিয়ে পেয়েছেন আন্তর্জাতিক এ পুরস্কার।

ডা. বাসুদেব কুমার সাহা বর্তমানে নাক কান গলা বিভাগের সিনিয়র কনসালটেন্ট হিসেবে কেন্দ্রীয় পুলিশ হাসপাতালে কর্মরত আছেন। পাশাপাশি চিফ কনসালটেন্ট হিসেবে ম্যালিয়াস ইএনটি স্পেশালাইজড হসপিটাল লিমিটেডে নিয়মিত রোগী দেখছেন এবং অপারেশন করছেন।



## সর্বাধিক পঠিত



আলীগের মনোনয়ন চাওয়া যুবলীগ নেতা হলেন বিসিবির পরিচালক!



অ্যাকাউন্টে হঠাৎ ঢুকলো ৩৩০ মাসের বেতন, তৎক্ষণাৎ ইস্তফা; অতঃপর...



বিসিবির সভাপতি বুলবুল, সহ-সভাপতি ফারুক, পরিচালক হলেন যারা




আরও দুটি টিভি চ্যানেলের অনুমোদন: একটি এনসিপি নেতা তুহিনের



স্বর্ণের দাম আকাশচুম্বি, এক ধাক্কায় ৬৯০৬ টাকা বাড়িয়ে নতুন রেকর্ড!



রাশিয়া গিয়ে যুদ্ধে নিহত





বাংলাভিশনের গুগল নিউজ ফলো করতে ক্লিক করুন

তরুণ প্রতিভাবান এ চিকিৎসক নাক কান গলা রোগ বিষয়ে জনসচেতনতা তৈরি ও বিশেষজ্ঞ চিকিৎসাকে প্রান্তিক জনগোষ্ঠীর দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে বাড়িতে বাড়িতে গিয়ে সম্পূর্ণ বিনামূল্যে পেশেন্ট ফলোআপ করার মাধ্যমে রোগীদের মুখে হাসি ফুটিয়ে মানব শান্তির এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছেন।

এর আগে ডা. বাসুদেব কুমার সাহা ২০২৪ সালে 'Nepal international Excellence award', ২০২৫ সালে 'Global Star Excellence Award' ও 'South Asian Excellence Award' পেয়েছেন।

মন্তব্য করুন:

0 comments

Sort by Oldest



Add a comment...

Facebook Comments plugin

## আরো পড়ুন



‘শিশুদের নোবেল খ্যাত শান্তি’ পুরস্কার পাচ্ছেন সাতক্ষীরার সুদীপ্ত

সীমান্তে কাঁটাতারে ঝুলে থাকা ফেলানীর ভাই যোগ দিলেন বিজিবিতে



বেস্ট আরবান রিপোর্টিং অ্যাওয়ার্ড পেলেন বাংলাভিশনের কেফায়েত শাকিল

দক্ষিণ কোরিয়া থেকে ড. ফয়সাল হোসেনের পিএইচডি ডিগ্রী অর্জন

বিজ্ঞাপন

ডাউনলিংক প্যারামিটার

আমাদের সম্পর্কে

যোগাযোগ

গোপনীয়তা নীতি

আর্কাইভ

প্রধান সম্পাদক: ড. আবদুল হাই সিদ্দিক

শ্যামল বাংলা মিডিয়া লিমিটেড  
নূর টাওয়ার, ১১০ বীর উত্তম সি. আর. দত্ত রোড,  
ঢাকা-১২০৫, বাংলাদেশ।  
ফোন: ৯৬৩২০৩০-৪৫।  
ই-মেইল: thebvnews24@gmail.com

Chief Editor: Abdul Hai Siddique, Ph.D

Shamol Bangla Media Limited  
Noor Tower, 110 Bir Uttam C. R. Dutta Road,  
Dhaka-1205, Bangladesh.  
Phone: 9632030-45.  
E-mail: thebvnews24@gmail.com





© 2025 Shamol Bangla Media Ltd.

এই ওয়েবসাইটের কোনো লেখা অনুমতি ছাড়া নকল করা বা অন্য কোথাও প্রকাশ করা  
সম্পূর্ণ বেআইনি

